

# ঢাকা বিশ্ববিদ্যালয়

আদিষ্ট হয়ে এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় শোক দিবস। ১৯৮৫ সনের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় যে সকল ছাত্র, কর্মচারী ও অতিথি নিহত হন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নলিখিত কর্মসূচি পালনসহ অন্যান্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১।

| ১৫ অক্টোবর ২০২৬ বৃহস্পতিবার | | | কর্মসূচি |
|---|---|---|---|
| (ক) | সকাল ৬:০০ টা | : | সকল হল, হোস্টেল ও বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা এবং কালো ব্যাজ ধারণ। |
| (খ) | সকাল ৭:৩০ টা | : | অপরাজেয় বাংলা হতে জগন্নাথ হল পর্যন্ত মাননীয় ভাইস-চ্যান্সেলরের নেতৃত্বে মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, প্রক্টরসহ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের একত্রে শোক র‍্যালির মাধ্যমে জগন্নাথ হল স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন। |
| (গ) | সকাল ৮:০০ টা হতে ৯:০০টা | : | অক্টোবর স্মৃতি ভবনস্থ টিভি কক্ষে আলোচনা সভা। |
| (ঘ) | সকাল ৯:০০ টা হতে ১০:০০টা | : | জগন্নাথ হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মাবলম্বীদের প্রার্থণা সভা। |
| (ঙ) | বাদ আছর | : | মোনাজাত : বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ সকল হল মসজিদ। |
| (চ) | সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা | : | নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শন (ব্যবস্থাপনায় : জগন্নাথ হল) |

২। (ক) ১৫ অক্টোবর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক আবাসিক হলের সম্মুখে ব্যানার টানানোর জন্য ব্যানার তৈরি করে ইতোপূর্বে পাঠানো হয়েছিল। চলতি বছরে সংশ্লিষ্ট হল, সেই ব্যানারগুলো ব্যবহার করবেন। যদি সে ব্যানারগুলো সংশ্লিষ্ট হলে সংরক্ষিত না থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষ নতুনভাবে ব্যানার তৈরি করে নেবেন। প্রয়োজনে ব্যানারের পরিমাপ, ভাষা ও রং ইত্যাদি সম্পর্কে সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষ **জগন্নাথ হলের প্রাধ্যক্ষের** সাথে যোগাযোগ করে জেনে নেবেন।

(খ) ১৫ অক্টোবর স্মরণে কালো কাগজের ব্যাজ ছাপানোর বিষয়ে **জগন্নাথ হলের প্রাধ্যক্ষ** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) এই দিনের কর্মসূচি গণমাধ্যমসমূহের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং বিশ্ববিদ্যালয় বার্তায় বিস্তারিত তথ্য সম্বলিত সংবাদ ছাপানোর পদক্ষেপ গ্রহণের জন্য **জনসংযোগ দফতরের পরিচালক**-কে অনুরোধ জানানো হলো।

(ঘ) ১৫ অক্টোবর ২০২৬ উপলক্ষে জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাধীনে আয়োজিত **"অক্টোবর স্মৃতি রচনা প্রতিযোগিতা"** ও **"অক্টোবর স্মৃতি চিত্রাঙ্কন প্রতিযোগিতা"** <u>আগামী ৩১/১০/২০২৬ তারিখের মধ্যে</u> সমাপ্ত করতে হবে। **"অক্টোবর স্মৃতি রচনা প্রতিযোগিতা"** সম্পন্ন করার বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য **ডিন, কলা অনুষদ** এবং **"অক্টোবর স্মৃতি চিত্রাঙ্কন প্রতিযোগিতা"** সম্পন্ন করার বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য **ডিন, চারুকলা অনুষদ**-কে অনুরোধ করা হলো।

(ঙ) ১৫ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকালে জগন্নাথ হল প্রাঙ্গণে রক্তদান কর্মসূচি এবং সন্ধ্যা ৬:৩০ টায় জগন্নাথ হল উপাসনালয়ে অক্টোবর দুর্ঘটনা স্মরণে ভক্তিমূলক গানের অনুষ্ঠান (শোক সঙ্গীত ও কবিতা আবৃত্তি) অনুষ্ঠিত হবে।

(চ) ১৫ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকালের অনুষ্ঠান ও জগন্নাথ হল উপাসনালয়ে অনুষ্ঠেয় আলোচনা সভা (স্মরণ সভা) এবং সন্ধ্যা ৬:৩০ টায় অনুষ্ঠেয় ভক্তিমূলক গানের অনুষ্ঠানে যোগদানের জন্য ১৫ অক্টোবর উপলক্ষে গৃহীত কর্মসূচির কপি ও আমন্ত্রণপত্র ১৯৮৫ সনের ১৫ অক্টোবর নিহত ও আহতদের আত্মীয় স্বজনদের নিকট প্রেরণের জন্য **জগন্নাথ হলের প্রাধ্যক্ষ** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ছ) ১৫ অক্টোবর ১৯৮৫ সনে নিহত এবং আহতদের মধ্যে যাঁদের বর্তমান ঠিকানা সংগ্রহে নেই, তাঁদের ঠিকানা সংগ্রহ করা এবং নিহতদের স্মরণে ঐদিনের ঘটনা সম্পর্কিত সংক্ষিপ্ত স্মরণিকা প্রকাশ করে প্রত্যেক হলে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **জগন্নাথ হলের প্রাধ্যক্ষ**-কে অনুরোধ করা হলো।

(জ) ভবিষ্যতে যেন এ ধরনের ঘটনা আর না ঘটে সেদিকে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখা এবং ১৫ অক্টোবরের পূর্বেই বিশ্ববিদ্যালয় এলাকার জরাজীর্ণ ভবনসমূহ প্রয়োজনীয় সংস্কার ও পরিস্কার-পরিচ্ছন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য **প্রধান প্রকৌশলী ও এস্টেট ম্যানেজার**-কে অনুরোধ জানানো হলো।

২১/০৯/২০২৬

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়

**মুনসী শামস উদ্দিন আহম্মদ**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ২৮৪৫১ - ৩৮ তারিখ: ৭/৬/১৪৩৩ বঙ্গাব্দ
২২/৯/২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

| | | |
|---|---|---|
| ১. | সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ২. | ডিন, কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ৩. | ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ৪. | সকল হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, ঢা. বি.। | স্ব স্ব হলের ভবনসমূহে কালো পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয় পতাকা অর্ধনমিত রাখা এবং হাউস টিউটর, সহকারী হাউস টিউটর ও শিক্ষার্থীদের মধ্যে প্রচার, হল প্রাঙ্গণে প্রার্থনা সভা ও হল মসজিদে বাদ আছর মোনাজাতের ব্যবস্থাগ্রহনের জন্য অনুরোধ করা হলো। |
| ৫. | প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ৬. | সকল বিভাগীয় চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।<br>সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়। | সংশ্লিষ্ট বিভাগ ও ইনস্টিটিউটের সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো। |
| ৭. | সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ৮. | হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ৯. | পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ১০. | পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। | বিশ্ববিদ্যালয় শোক দিবসের কর্মসূচি ও অনুষ্ঠানমালা গণমাধ্যমসমূহের মাধ্যমে প্রচার এবং বিশ্ববিদ্যালয় বার্তায় বিস্তারিত তথ্য সম্বলিত সংবাদ ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ১১. | প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়। | জগন্নাথ হলের প্রাধ্যক্ষের সাথে সমন্বয় করে শোক র‍্যালির ব্যানার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো। |
| ১২. | পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়। | বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। |
| ১৩. | এস্টেট ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়। | বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহে কালো পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয় পতাকা অর্ধনমিত রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ১৪. | পরিবহণ ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়। | আপনাকে জগন্নাথ হলের প্রাধ্যক্ষের সাথে আলোচনা করে গাড়ীর ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো। |
| ১৫. | কন্টিনজেন্ট কমান্ডার, বিএনসিসি, ঢাকা বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট। | |
| ১৬. | সম্পাদক ও প্রধান রোভার স্কাউট লিডার, ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ। | |
| ১৭. | প্রেসিডেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিট। | |
| ১৮. | আহবায়ক এবং সদস্য-সচিব, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। | |
| ১৯. | সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন। | |
| ২০. | আহ্বায়ক ও সদস্য-সচিব, ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড। | |
| ২১. | সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় শহিদ পরিবার কল্যাণ সমিতি। | |
| ২২. | ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলরের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ২৩. | ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-ভাইস চ্যান্সেলরের (শিক্ষা) অফিস,, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ২৪. | ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-ভাইস চ্যান্সেলরের (প্রশাসন) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ২৫. | ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ২৬. | সহ-সভাপতি (ভিপি), সাধারণ সম্পাদক (জিএস) এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস), ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) | |
| ২৭. | অধ্যক্ষ, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ২৮. | অধ্যক্ষ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ২৯. | সিনিয়র ইমাম খতিব, মসজিদুল জামিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়। | আপনাকে উক্ত তারিখে বাদ আছর কেন্দ্রীয় মসজিদে মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। |
| ৩০. | সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |
| ৩১. | সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি। | |
| ৩২. | সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরী কর্মচারী সমিতি। | |
| ৩৩. | সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন। | |
| ৩৪. | নোটিশ বোর্ড, প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়। | |

২২/৯/২০২৬

(সৈয়দা মাসুদা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন : ৯৬৬১৯০০-৫৯/৪০২১